

জিএম সিরাজ | রংপুর | 26 May, 2025

কুড়িগ্রামের ভূরঙ্গামারীতে ১০ ফুট উচ্চতার একটি গাঁজার গাছসহ নুরুল ইসলাম (৫৮) নামে এক ব্যক্তিকে আটক করেছে পুলিশ। সোমবার (২৬ মে) বিকেল পাঁচটার দিকে উপজেলার তিলাই ইউনিয়নের পশ্চিম ছাটগোপালপুর এলাকায় নিজবাড়ি থেকে তাকে আটক করা হয়। তিনি ওই গ্রামের জবেদ আলীর ছেলে।

পুলিশ সূত্রে জানা গেছে, আটক নুরুল ইসলাম একজন মাদক কারবারি। সোমবার বিকেলে গোপন সংবাদের ভিত্তিতে

তার বাড়িতে অভিযান চালায় পুলিশ। পরে তল্লাশি চালালে তার (নুরুল ইসলাম) বসত ঘরের পেছনে অভিনব পদ্ধতিতে চাষ করা একটি ১০ ফুট উচ্চতার গাঁজার গাছসহ তাকে আটক করে পুলিশ। কাঁচা গাছটির ওজন প্রায় ২০ কেজি।

ভূরঙ্গামারী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আল-হেলাল মাহমুদ বিষয়টি নিশ্চিত করে জানান, এ ব্যাপারে আইনি ব্যবস্থা প্রক্রিয়াধীন।

গাঁজা আটক পুলিশ